



## বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী  
(৮৬, বিজয়নগর), ঢাকা-১০০০।  
[www.smfb.gov.bd](http://www.smfb.gov.bd)

স্মারক নং বারাচিঅ/২৫/২২৯৫

তারিখঃ ০৯/০২/২০২৫


### বিজ্ঞপ্তি

বিষয়ঃ মিড লেভেল অপথ্যালমিক এ্যাসিস্টেন্ট (MLOP) কোর্স ২০২৬ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি বিষয়ক।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ নিয়ন্ত্রিত এক বছর মেয়াদী MLOP Ophthalmic Assistant Certificate Course জানুয়ারী ২০২৬ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রীদের ভর্তি ও নিবন্ধিকরণের জন্য নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করার অনুরোধ করা হলো।

#### নিয়মাবলীঃ-

- ৩১ ডিসেম্বর, ২০২৫ অফিস সময়ের মধ্যে ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং ৩১ জানুয়ারী ২০২৬ তারিখের মধ্যে ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রী নামের তালিকা (পিতা ও মাতার নাম সহ) অনুষদে প্রেরণ করতে হবে। উক্ত তারিখের প্রেরিত তালিকার বাহিরে কোন ছাত্র-ছাত্রী অনুষদে নিবন্ধিকরণ করা যাবে না।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের সনদ ও মার্কশীটের ফটোকপি (যে কোন ১টি) সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড কর্তৃক যাচাই করে প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে বিলম্ব ফি ছাড়া ফেব্রুয়ারী ২০২৬ মাসের শেষ কর্মদিবসের মধ্যে রেজিঃ ফি ও পুরণকৃত রেজিঃ ফরমসহ অনুষদে প্রেরণ করতে হবে। (নির্দিষ্ট তারিখের মধ্যে সম্পূর্ণ কাগজপত্র সহ প্রেরণ করতে ব্যর্থ হলে বিলম্ব ফি এর আওতাভুক্ত হবে)।
- নিবন্ধিকরণ ফি ছাত্র-ছাত্রী প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা।
- ফেব্রুয়ারী ২০২৬ মাসের শেষ কর্মদিবসের পর নিবন্ধিকরণ ফি এর সাথে প্রতি মাসে নিবন্ধিকরণ ফরম প্রতি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে বিলম্ব ফি সহ পরবর্তী ২ (দুই) মাস (মার্চ ২০২৬ হতে এপ্রিল ২০২৬) পর্যন্ত নিবন্ধিকরণ করা যাবে।



(ডাঃ মোঃ সাইফুল ইসলাম)  
সচিব (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

ই-মেইল: [smf.secv@gmail.com](mailto:smf.secv@gmail.com)

ফোনঃ ২২৩৩৮৪০৪৯



#### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

#### এমএলওপি প্রতিষ্ঠান সমূহ :

১. অধ্যক্ষ, বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি ও চক্ষু হাসপাতাল (বিকো), শংকরপুর, আলেক্সারচর, বিশ্বরোড, কুমিল্লা।
২. অধ্যক্ষ, ইসলামিয়া চক্ষু হাসপাতাল, ফার্মগেট, ঢাকা।
৩. অধ্যক্ষ, ময়মনসিংহ বিএনএসবি ইনস্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি, ময়মনসিংহ।
৪. অধ্যক্ষ, ফ্যাশন চক্ষু হাসপাতাল ও ইনস্টিটিউট, মগবাজার, ঢাকা।
৫. অধ্যক্ষ, কুমুদিনী মেডিকেল টেকনোলজি ইনস্টিটিউট, মির্জাপুর, টাঙ্গাইল।
৬. অধ্যক্ষ, গোপালগঞ্জ চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ।
৭. অধ্যক্ষ, দীপ ইনস্টিটিউট অব কমিউনিটি অপথ্যালমোলজি, রংপুর।
৮. অধ্যক্ষ, চট্টগ্রাম লায়ন্স আই ইনস্টিটিউট এন্ড হাসপাতাল, চট্টগ্রাম।
৯. অধ্যক্ষ, গ্রামীণ জিসি আই হেলথ টেকনোলজি ইনস্টিটিউট, বগুড়া।
১০. অধ্যক্ষ, বাংলাদেশ আই হাসপাতাল এন্ড ইনস্টিটিউট লি: ধানমন্ডি, ঢাকা।
১১. অধ্যক্ষ, ভিশন আই ইনস্টিটিউট এন্ড হাসপাতাল, ধীন রোড, ঢাকা।